*Total number of printed pages-7*

# 2023

# BENGALI

**Total Marks: 80** **Time : 3 hours**

**General Instructions:**

*(i)* *Approximately 15 minutes is allotted to read the question paper and revise the answers.*
*(ii)* *The question paper consists of 23 main questions.*
*(iii)* *Internal choice has been provided in some questions.*
*(iv)* *Marks allocated to every question are indicated against it.*

***N.B. : Check to ensure that all pages of the question paper is complete as indicated on the top left side.***

## বিভাগ – 'ক'

## পাঠ (Reading)

**1.** **নিচের পাঠটি মনোযোগ দিয়ে পড়ঃ**

**আজকাল, শুক্রবার, ৭জানুয়ারি, ২০২২, কলকাতা, ২২:৪৩::** মুর্শিদাবাদ জেলার ডোমকল থানা এলাকা বরাবরই রাজনৈতিক হিংসা, বোমা তৈরি থেকে শুরু করে বিভিন্ন বেআইনি কারজকলাপের জন্য প্রায়ই খবরের শিরোনামে থাকে। তবে এবার ডোমকলকে খবরের শিরোনামে নিয়ে এসেছে ডোমকলের এক অখ্যাত গ্রাম দাসেরচকের বাসিন্দা মাসাদুল শেখ। মাসাদুল এখন জেলার সোশ্যাল মিদিয়ার নতুন সেনসেশন। বাঙালির ছেলে মাসাদুলের মালায়ালাম ভাষাতে গাওয়া গানের ভিডিও এখন গোটা ভারতকে মাতাচ্ছে। তাঁর গানের ভিডিও ছড়িয়ে পড়েছে বিভিন্ন সোশ্যাল মিডিয়াতে।

দমকলের একটি স্কুল থেকে দ্বাদশ শ্রেণির পর্যন্ত পড়াশোনা করার পর মাসাদুল মুর্শিদাবাদের ইসলামপুর কলেজে ভর্তি হয়েছিলেন। কিন্তু অর্থের অভাবে সেখানেই তাঁর পড়াশোনার ইতি ঘটে। সংসার চালাতে পেটের দায়ে এরপর তিনি গ্রামের আরও দশজনের সঙ্গে পাড়ি দেন কেরালাতে পরিযায়ী শ্রমিকের কাজ করতে। প্রথাগত তালিম না থাকলেও গানের প্রতি বরাবরই ভালবাসা ছিল মাসাদুলের। তাই কেরালাতে গিয়েও অবসর সময়ে গুনগুন করে গান গাওার অভ্যাস ছাড়েন নি মাসাদুল। তবে কেরালাতে গিয়ে তাঁর নতুন শখ জাগে মালায়ালাম ভাষাতে গান গাওয়ার, আর যেমন ভাবা তেমন কাজ।

মাসাদুল জানিয়েছেন, "কেরালাতে কাজ করার সময় সব থেকে আমাকে অসুবিধার মধ্যে ফেলে ভাষার সমস্যা। তাই বছর খানেক আগে মালায়ালাম ভাষার বই কিনে ওই ভাষা শিখতে শুরু করি। আর মালায়ালাম ভাষায় সড়গড় হওয়ার জন্য স্থানীয় মালয়ালি বন্ধুদের সঙ্গে অদের ভাষাতেই কথা বলি।"সম্প্রতি মালয়ালম

ভাষাতে নিজের গাওয়া কয়েকটি গান একটি জনপ্রিয় সমাজমাধ্যমে পোস্ট করেছিলেন, আর তাতেই কামাল হয়েছে। ইতিমধ্যে কেরলের চ্যানেলে গান গাওয়া শুরু হয়ে গেছে ডোমকলের মাসাদুলের। সম্প্রতি তাঁর ডাক পড়েছিল কেরালার বিখ্যাত বিনোদন চ্যানেল ফ্লাওয়ার্স টিভির স্টুডিওতে।

সেখানে দক্ষিণের তিন বিখ্যাত অভিনেতা পাকরু, প্রজোদ এবং সাজুর সামনে মালায়ালি এবং বাংলাতে গান গেয়ে শোনান। ওই অনুষ্ঠানের উপস্থাপিকা দক্ষিণের অপর এক জনপ্রিয় নায়িকা রচনা,মাসাদুলের গান শুনে মুগ্ধ হয়ে বার বার তাঁর পিঠ চাপড়ে দেন। সেই ভিডিও এখন ভাইরাল হয়ে গেছে।

মাসাদুল জানিয়েছেন, ইতিমধ্যে তিনি ওই প্রতিযোগিতার দ্বিতীয় রাউণ্ডে পৌঁছেছেন। এখন জরকদমে চলছে তাঁর গানের প্রস্তুতি। ডোমকলের বিধায়ক জাফিকুল ইসলাম বলেন, "প্রতিভাকে কেউ কখনও আটকে রাখতে পারে না; মাসাদুল ডোমকল ফিরে এলে তাঁকে বড় করে সংবর্ধনা দেওয়া হবে এবং তাঁর একক সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করা হবে।"

**প্রায় ৫ থেকে ১০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :**

(ক) ডোমকল পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত? **1**

(খ) মাসাদুল শেখ কোন জেলার বাসিন্দা? **1**

(গ) মাসাদুল সোশ্যাল মিডিয়ায় নতুন সেনসেশন কেন? **1**

(ঘ) মাসাদুলের শিক্ষাগত যোগ্যতা কতটুকু? **1**

(ঙ) মাসাদুল কেরালাতে গিয়ে কোন ভাষায় গান গেয়েছিল? **1**

(চ) মাসাদুলের ভাষাগত সমস্যা কিভাবে মিটেছিল? **1**

(ছ) কেরালার বিখ্যাত বিনোদন চ্যানেলটির নাম কী? **1**

(জ) মাসাদুল কাদের মালায়ালি ও বাংলা গান শুনিয়েছিল? **1**

(ঝ) ডোমকলের বিধায়কের নাম কী? **1**

(ঞ) বাচ্য নির্ণয় কর : সেই ভিডিও এখন ভাইরাল হয়ে গেছে। **1**

## বিভাগ – 'খ'

## রচনা ও নির্মিতি (Writing and Composition)

**2. নিচের যে কোনও একটি বিষয় বেছে নিয়ে ১০০ থেকে ১৫০ টি শব্দের মধ্যে উত্তর দাও :**

(ক) তুমি বিনয়/ বিনিতা, সম্প্রতি স্থানীয় একটি ঐতিহাসিক স্থানে (Historical place) বেড়াতে গিয়ে রক্ষণাবেক্ষণের (maintenance) অভাবে সেই জায়গাটির ঐতিহাসিক স্মারকগুলির (historical monument) ভগ্নদশা দেখে মনঃক্ষুণ্ণ (disappointed) হয়ে স্থানীয় সংবাদপত্রের সম্পাদককে (editor) চিঠি লেখো। স্থানটির ঐতিহাসিক গুরুত্ব উল্লেখ করে ভারতীয় প্রত্নতাত্ত্বিক

বিভাগকে (archaeological survey of India) এই জায়গাটি অধিগ্রহণ(acquisition) করে ঐতিহ্যমণ্ডিত জায়গা (Heritage place) হিসেবে ঘোষণা করার অনুরোধ জানাও। **6**

**অথবা**

(খ) তুমি শেখর/ তৃপ্তা, জুনেবুটো (Zunheboto) এ পি পাবলিক স্কুলের দশম শ্রেণির শিক্ষার্থী। একটি সাংস্কৃতিক বিনিময় কর্মসূচি (Cultural exchange program) হিসেবে কেরালার দুটি স্কুলের অধ্যক্ষ (Principal) তোমাদের স্কুল পরিদর্শন করেছেন। বিদ্যালয়ের শিক্ষার্থীরা তাঁদের সম্মানে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের (Cultural Program) আয়োজন করেছিল। তোমাদের স্কুলের সাময়িক পত্রিকায়(magazine)এই বিষয়ে একটি প্রতিবেদন (Report)লেখো।

**3. ন্যূনাধিক ৪০ থেকে ৫০ টি শব্দে নিচের যে কোনও একটি প্রশ্নের উত্তর দাও :**

(ক) মেসার্স ধনরাজ পিল্লাই অ্যান্ড সন্স গীতাঞ্জলি এনক্লেভ, দ্বারকা, দিল্লিতে ‘গ্যালাক্সি নভেলটি’স নামে একটি বিভাজিত ভাণ্ডার (Departmental Store) খুলতে চলেছেন আগামি ১৪ই এপ্রিল ২০২৩, শুক্রবার সকাল ১১ টায় যার উদ্বোধন হবে। এই উপলক্ষে একটি আনুষ্ঠানিক আমন্ত্রনপত্রের খসড়া লেখো। **4**

অথবা

(খ) মাধ্যমিকের (HSLC exam) পর কলা, বাণিজ্য নাকি বিজ্ঞান (Arts, Commerce or Science) কোন বিষয় নিয়ে পড়বে সেই বিষয়ে রাজীব ও তনয়া দুই সহপাঠীর মধ্যে একটি কাল্পনিক সংলাপ লিপিবদ্ধ কর।

**বিভাগ – ‘গ’**

**ব্যাকরণ ও অনুবাদ (Grammar & Translation)**

**4. নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাও :**

(ক) যেখানে ক্রিয়ার অর্থই প্রধানভাবে প্রতীয়মান হয়, সেখানে হয় — **1**

(i) কর্তৃবাচ্য (ii) কর্মবাচ্য

(iii) ভাববাচ্য (iv) কর্মকর্তৃবাচ্য

(খ) সমস্তপদটি বিশ্লেষণ করে যে বাক্যাংশ দিয়ে তাকে ব্যাখ্যা করা হয়, তার নাম — **1**

(i) সমস্যমানপদ (ii) ব্যাসবাক্য

(iii) পূর্বপদ (iv) উত্তরপদ

(গ) হাটে হাঁড়ি ভাঙ্গা মানে — **1**

(i) কার্পণ্য করা

(ii) অহঙ্কার প্রকাশ করা

(iii) যা খুশি তাই করা

(iv) লোকসমক্ষে গোপন ব্যাপার প্রকাশ করা

(ঘ) যিনি কম কথা বলেন, তাকে এককথায় বলে — **1**

(i) বোবা (ii) মিষ্টভাষী

(iii) মিতভাষী (iv) চুপচাপ

(ঙ) অম্লমধুর – এই সমস্তপদটির ব্যাসবাক্য হবে — **1**

(i) অম্ল অথচ মধুর (ii) অম্ল ও মধুর

(iii) অম্লের মধুর (iv) মধুর অম্ল

**5.** **বাচ্য নির্ণয় কর :**

(i) প্রধান শিক্ষক জাতীয় পতাকা উত্তোলন করেছেন। **1**

(ii) আমার দ্বারা এ কাজ হবে না। **1**

(iii) স্কুলে বই হারিয়ে গেছে। **1**

6. **সার্থক বাক্যে প্রয়োগ কর :**

(i) মান্ধাতার আমল **1**

(ii) ভরাডুবি **1**

**7.** **ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর :**

(i) মিষ্টান্ন **1**

(ii) দশানন **1**

(iii) কাগজপত্র **1**

**8.** **এককথায় প্রকাশ কর :**

(i) সরোবরে জন্মে যা **1**

(ii) যিনি দার পরিগ্রহ করেন নি **1**

**9.** **বাংলায় অনুবাদ কর :**

(i) Your flight has been cancelled. **1**

(ii) Are you good in Mathematics? **1**

(iii) We should do more exercise. **1**

(iv) It’s too expensive! **1**

(v) An idle brain is the devil’s workshop. **1**

## বিভাগ – 'ঘ'

## সাহিত্য – গদ্যাংশ ও পদ্যাংশ (Literature)

**10.** **নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাও :**

(ক) বারোয়ারি পুজোর চাঁদা তুলতে বেরিয়েছিলেন — **1**

(i) রায় বাবু (ii) পাল বাবু

(iii) দত্ত বাবু (iv) সেন বাবু

(খ) কালকেতু কিসের আসনে খেতে বসেছিল? **1**

(i) বাঘছাল (ii) হরিনের ছাল

(iii) কুশাসন (iv) কম্বলের আসন

(গ) 'বঙ্গদর্শন' ছিল — **1**

(i) মাসিক পত্রিকা (ii) ত্রৈমাসিক পত্রিকায়

(iii) ষাণ্মাসিক পত্রিকা (iv) বার্ষিক পত্রিকায়

(ঘ) 'জগদীশচন্দ্র' কবিতাটিতে 'তপস্বী' বলে সম্বোধন করা হয়েছে যাকে — **1**

(i) ঋষি অরবিন্দকে (ii) রবীন্দ্রনাথকে

(iii) জগদীশচন্দ্রকে (iv) স্বামী বিবেকানন্দকে

(ঙ) 'বলাই' কী জাতীয় ছোটগল্প? **1**

(i) ভৌতিক (ii) প্রকৃতি বিষয়ক

(iii) সামাজিক (iv) আধ্যাত্মিক

**২০ থেকে ২৫ টি শব্দে নিচের যে কোনও ছ'টি প্রশ্নের উত্তর দাও :** **6x2 =12**

**11.** বারোয়ারি পুজো কিভাবে সৃষ্টি হয়? সে বছর বারোয়ারি পুজোর অধ্যক্ষ কে হয়েছিলেন? (1+1=2)

**12.** 'শ্বেতকান্তি অনুপাম' — 'অনুপাম' শব্দের অর্থ কী? এখানে শ্বেতকান্তি বলতে কাকে বোঝানো হয়েছে? (1+1=2)

**13.** জমিদার কর্মচারি পরাণ মণ্ডলকে কিভাবে ঠকিয়েছে? জমিদার কর্মচারিদের অসততার জন্যে দায়ী কে? (1+1=2)

**14.** "ই বানে কেউ মরবে না?" — উক্তিটি কার? এখানে 'বান' বলতে কোন বানের কথা বলা হয়েছে? (1+1=2)

**15.** “পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া।”— কোন কবিতার অংশ? ‘তাদের’ বলতে কাদের কথা বলা হয়েছে? (1+1=2)

**16.** “একবার তাকে ডেকে আনতে পারিস বাবা?” — কে এই অনুরোধ করেছে? কাকে ডেকে আনার কথা বলা হয়েছে? (1+1=2)

**17.** ‘জাগাও শহরের প্রান্তে প্রান্তরে’ — কোন শহরের কথা বলা হয়েছে? কী জাগানোর কথা বলা হয়েছে? (1+1=2)

**কম – বেশি ৪০ থেকে ৫০ টি শব্দে নিচের যে কোনও দুটি প্রশ্নের উত্তর দাও : 2x4 =8**

**18.** ছেলেবেলা থেকে বলাইয়ের কী অভ্যাস ছিল? কখন কেমন করে তার অন্তর-প্রকৃতিতে ঘন রং লাগত? তখন বলাইয়ের কী ইচ্ছে হত? (1+2+1 =4)

**19.** “প্রানের প্রথম বাণী এইমতো জাগে চারিভিতে” —

(i) কোন কবিতার অংশ? (1)

(ii) কবির নাম কী? (1)

(iii) কার প্রাণের বাণীর কথা বলা হয়েছে? (1)

(iv) কিভাবে তা জেগে উঠেছে? (1)

**20.** “কেন এবার রান্নাপূজা করলি না রাক্কুসী?” —

(i) কোন পাঠের অংশ? (1)

(ii) কে এই কথা বলেছে? (1)

(iii) সে কাকে ‘রাক্কুসী’ বলে সম্বোধন করেছে? (1)

(iv) ‘রান্নাপুজা’ কী? (1)

**প্রায় ৬০ থেকে ৯০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :**

**21.** (ক) “ব্যাধের সংসার অরণ্যজাত সামগ্রীর ওপর নির্ভরশীল।”— আলোচনা কর। **5**

অথবা

(খ) “শুনিয়া কানুর বেণু উর্ধ্বমুখে ধায় ধেনু
পুচ্ছ ফেলি পিঠের উপরে।।”

(i) কোন পাঠের অংশ? (1)

(ii) কবির নাম কী? (1)

(iii) কানু কার নাম? (1)

(iv) ‘বেণু’ মানে কী? (1)

(v) ওপরের সারি দুটির মানে বুঝিয়ে লেখো। (1)

**22.** (ক) "এসো গো বাবু ছোট আদালত!" —

(i) কোন পাঠের অংশ? **1**

(ii) লেখকের নাম কী? **1**

(iii) কারা কখন এই কথা বলে চিৎকার করত? **2**

(iv) তারা কত টাকা ভাড়া হাঁকছিল? **1**

**অথবা**

(খ) "কাঙালী আর প্রার্থনা করিল না।" —

(i) কোন পাঠের অংশ? (1)

(ii) লেখকের নাম কী? (1)

(iii) কাঙালী কার কাছে কী প্রার্থনা করেছিল? (1)

(iv) কাঙালী আর প্রার্থনা না করার কারণ কী? (2)

**23.** 'অদ্ভুত আঁধার এক' কবিতার নামকরণের সার্থকতা আলোচনা কর। **5**

************************